



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

সায়রাত-১

বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।

www.minland.gov.bd



স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮০২০.০৯(অংশ-২)-২১

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮

১০ এপ্রিল ২০২২

বিষয়: জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের সময় বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে ইজারা কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের ২৩/০২/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৫৪ নম্বর স্মারকে সিডিউল ঘোষণা করা হয়। উক্ত সিডিউলে ১০ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের জন্য সময়সীমা নির্ধারিত ছিল।

০২। আবেদন দাখিলের নির্ধারিত সময়সীমার মধ্যে অনেক জেলা ও উপজেলারক জলমহাল ইজারার জন্য অনলাইনে কোন আবেদন দাখিল হয়নি। এতে জলমহালগুলো ইজারাবিহীন থাকার কারণে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হবে। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা ১৪২৮ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৩। বর্ণিত সময়সীমার মধ্যে জেলা ও উপজেলায় সাধারণ আবেদনে জলমহাল ইজারার কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১০-৪-২০২২

মোঃ তাজুল ইসলাম মিয়া

উপসচিব

ফোন: ০২৯৫৪৬৫১০

ইমেইল: sairat1@minland.gov.bd

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩) সহকারী কমিশনার (ভূমি)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮০২০.০৯(অংশ-২)-২১/১

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮

১০ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), (সকল)
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
- ৫) অফিস কপি/মাষ্টার কপি।